প্রথম আলো

পৃষ্ঠা ... 3 JAN 2013 ... কলাম ...

## ছাত্রদলের নতুন ৭ নেতা

# ১৪ থেকে ১৭ বছর ধরে বিশ্ববিদ্যালয়েই পড়ছেন

বোরহানুল হক সম্রাট

ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির যে পাঁচ নেতার নাম ঘোষণা করা হয়েছে, তাদের কেউই নিয়মিত ছাত্র নন। এই সাত নেতা ঢাকা বিশ্ববিদ্যালয়েই পড়ছেন ১৪ বছর, ১৫ বছর, এমনকি ১৭ বছর ধরে। এদের প্রায় সবাই ঠিকাদারি ব্যবসা করেন, আর অন্তত তিনজন বিবাহিত। এরা কৌশলে ছাত্রত্ব বজায় রেখেছেন ছাত্ররাজনীতি করার জন্যই।

গত বুধবার রাতে ছাত্রদলের কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার সাত নেতার নাম ঘোষণার পর সংগঠনের তরুণ ও নিয়মিত ছাত্রদের মধ্যে হতাশা নেমে এসেছে। ঘোষিত কমিটি থেকে বাদ পড়েছেন সংগঠনের ত্যাগী নেতাদের অনেকে।

গত ১ জানুয়ারি ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

# ১৭ বছর ধরে বিশ্ববিদ্যালয়েই পড়ছেন

প্রথম পৃষ্ঠার পর

• প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া বলেছিলেন, 'নিয়মিত ছাত্ররাই ছাত্রদল করবে এবং নতুন নেতৃত্ব আসবে।' পুরনোরা যুবদলসহ অন্যান্য অঙ্গসংগঠনে চলে যাবে। কিন্তু সেদিন রাতে ঘোষিত ছাত্রদলের কমিটিতে এ প্রতিশ্রুতির বাস্তবায়ন নেই।

অনুসন্ধানে জানা গেছে, গত বুধবার ঘোষিত ছাত্রদলের ১২তম কেন্দ্রীয় কমিটির সভাপতি শাহাবুদ্দিন লাল্টু ১৯৮৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে মাস্টার্স প্রিলিমিনারির দু বছর মেয়াদি 'ডিপ্লোমা ইন এডুকেশন' কোর্সে ভর্তি হন। শাহাবুদ্দিন লাল্টু গতকাল প্রথম আলোকে জানান, বর্তমানে তিনি শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপর্যাপ্ত পরিবহন ব্যবস্থা বিষয়ক একটি থিসিস করছেন।

ঘোষিত কমিটির সাধারণ সম্পাদক আজীজুল বারী হেলাল ১৭ বছর আগে ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষে মৃত্তিকা বিজ্ঞান বিভাগে তিন বছর মেয়াদি অনার্স কোর্সে ভর্তি হন। হেলাল জানান, অনার্স কোর্স সম্পন্ন করলেও ছাত্রলীগের নির্যাতনের কারণে ক্যাম্পাসে যেতে না পারায় তার মাস্টার্স করা হয়নি। এখন তিনি জাপানি স্টাডিজে ভর্তি হয়েছেন বলে জানিয়েছেন।

নতুন কমিটির সিনিয়র সহসভাপতি সুলতান সালাউদ্দিন টুকু এবং সাংগঠনিক সম্পাদক শফিউল বারী বাবু ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে অনার্সে ভর্তি হন। টুকু ও বাবু গতকাল প্রথম আলোকে বলেন, রাজনৈতিক হয়রানির কারণে তাদের শিক্ষাবর্ষ পিছিয়েছে। এখন তারা দুজনেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে পড়াশোনা করছেন। কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সম্পাদক সেলিমুজ্জামান সেলিম ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে অনার্সে ভর্তি হন। ১৬ বছর পর এখন তিনি জাপানি স্টাডিজ কোর্সে ভর্তি হয়েছেন বলে প্রথম আলোকে জানান।

নবঘোষিত ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি আমীরুল ইসলাম আলিম ১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে এবং সাধারণ সম্পাদক হাসান মামুন ১৯৯০-৯১ শিক্ষাবর্ষে সমাজবিজ্ঞান বিভাগে অনার্সে ভর্তি হন। সভাপতি আলিম অনার্সে ভর্তির ১৪ বছর পর এখন একই বিভাগে মাস্টার্স করছেন বলে জানান। সাধারণ সম্পাদক মামুন এখন স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের ছাত্র বলে গতকাল প্রথম আলোকে জানান।

• সূত্র জানায়, সারা দেশে ছাত্রদলের কমিটি গঠনের বিষয়টি বিএনপি যুগ্ম মহাসচিব তারেক রহমান দেখাশোনা করলেও গত বুধবার কেন্দ্রীয় কমিটি ঘোষণার সময় তিনি দেশের বাইরে ছিলেন।

নতুন এই কমিটিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাবেক সভাপতি মনির হোসেনের বাদ পড়াতে নেতা-কর্মীরা ক্ষোভ আর হতাশা প্রকাশ করেছেন। নবগঠিত কমিটির সদস্যদের ছাত্রত্ব প্রসঙ্গে সভাপতি শাহাবুদ্দিন লাল্টু বলেন, তারা নিয়মিত ছাত্র কি না জানি না, তবে সবাই ছাত্র।